

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.২২৭.২২.১০৭

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৯

২০ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ১৫৬৫৯/২০২২ -এর আরজির আলোকে দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী প্রেরণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট নং ১৫৬৫৯/২০২২-এর ১৮/১২/২০২২ স্থিষ্টাব্দের আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মালিকানাধীন সাগরিকা গরু বাজারের ১৪২৯ বাংলা সনের ইজারার অবশিষ্ট টাকা পরিশোধের বিষয়ে এই কার্যালয়ের ০৬/১০/২০২২ তারিখের ২০৫৭নং স্মারক চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগ-এর-সচিব মহোদয়সহ মোট ছয় জনকে প্রতিপক্ষ করে পিটিশনার জনাব ফজল আলিম চৌধুরী কর্তৃক বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর ১০২ অনুচ্ছেদ মোতাবেক রিট পিটিশন নং ১৫৬৫৯/২০২২ রুজু করা হয়েছে। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে আদেশ গ্রহণের তারিখ হতে ০৩ (তিন) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। এ রিটের ৫নং প্রতিপক্ষ প্রধান রাজস্ব কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।

০২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৫৬৫৯/২০২২ মোকদ্দমার আরজির আলোকে দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্রের দুই সেট সত্যায়িত কাগজপত্র এবং এ রিটের সার্টিফাইড কপি জরুরিভিত্তিতে অনধিক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।

২০-২-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০১৯৭

ইমেইল: Lglaw2@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.২২৭.২২.১০৭/১(৫)

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৯

২০ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

২০-২-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)